## আন্তর্জাতিক শিক্ষামূলক কার্যক্রম
## ‘গ্লোবাল এটমিক কুইজ’ এর শর্তাবলী

### ১. সাধারণ বিধান

এই সকল শর্তাবলীর দ্বারা আন্তর্জাতিক শিক্ষামূলক প্রকল্প ‘গ্লোবাল এটমিক কুইজ’ (পরবর্তীতে কার্যক্রম হিসেবে উল্লেখিত) এর বিভিন্ন শর্ত নির্ধারিত হয়েছে, যার মধ্যে অন্তর্ভূক্ত রয়েছে কার্যক্রমে অংশগ্রহণের নিয়মাবলী এবং বিজয়ী নির্বাচন প্রক্রিয়া।

এই কার্যক্রমের লক্ষ্য হলো নিউক্লিয়ার ফিজিক্সে জনগনের জ্ঞান বৃদ্ধি; বিশ্বের পারমাণবিক শিল্পে সর্বশেষ অর্জন এবং পারমাণবিক প্রযুক্তির শান্তিপূর্ণ ব্যাবহার সম্পর্কে আন্তর্জাতিক অঙ্গনে সর্বসাধারাণকে অবহিত করা।

এই কার্যক্রমের টার্গেট গ্রুপ (পরবর্তীতে ‘পার্টিসিপেন্টস’ হিসেবে উল্লেখিত)ঃ আন্তর্জাতিক অঙ্গনে জনগনের বিভিন্ন গ্রুপ, যার মধ্যে অন্তর্ভূক্ত রয়েছেঃ

- জুনিয়র ও উচ্চ বিদ্যালয় এবং একই সঙ্গে ১১ থেকে ১৬ বছর বয়সের যে কেউ (পরবর্তীতে ‘ইয়ুথ’ হিসেবে উল্লেখিত);
- ১৭ বা তদুর্ধ বয়সের সাধারণ জনগন (পরবর্তীতে ‘এডাল্টস’ হিসেবে উল্লেখিত)।

এই কার্যক্রমে অংশগ্রহণের মাধ্যমে অংশগ্রহণকারী এ সকল শর্তাবলীর (পরবর্তীতে ‘টার্মস এন্ড কন্ডিশন্স’ হিসেবে উল্লেখিত) সঙ্গে পরিপূর্ণভাবে একমত পোষণ করছে।

এই কার্যক্রমটি টার্মস এন্ড কন্ডিশন্স দ্বারা নিয়ন্ত্রিত। এটি একটি অলাভজনক প্রজেক্ট; কোনও প্রমোশনাল ইভেন্ট বা লটারী নয়।

### সাধারণ তথ্যাবলী

১.১. শিরোনামঃ আন্তর্জাতিক শিক্ষামূলক প্রজেক্ট ‘গ্লোবাল এটমিক কুইজ’।

১.২. বিশ্বের যেকোন দেশ থেকেই অংশগ্রহণের জন্য উপযুক্ত বলে বিবেচিত হবেন।

১.৩. প্রজেক্টের আয়োজকঃ পারমাণবিক শক্তি তথ্যকেন্দ্রসমূহের উন্নয়নে নিয়োজিত স্বায়ত্তশাসিত অলাভজনক প্রতিষ্ঠান ‘এনার্জি অফ দা ফিউচার’ (এএনও এনার্জি অফ দা ফিউচার), ঠিকানাঃ ১১৭১০৫, রুশ ফেডারেশন, মস্কো, ভারসাভস্কায়ে স্বাছে (পরবর্তীতে ‘দ্যা অর্গানাইজার’ হিসেবে উল্লেখিত)।

১.৪. প্রজেক্টের স্থিতিকালঃ

১.৪.১.নভেম্বর ১০, ২০২১ থেকে বিজয়ীদের পুরস্কৃত করা পর্যন্ত পূর্ণ সময়কাল, কিন্তু ডিসেম্বর ৩১, ২০২২ এর পরে নয়। প্রজেক্টের স্থিতিকালের মধ্যে অন্তর্ভূক্ত রয়েছে অংশগ্রহণ করার জন্য পার্টসিপেন্টসদের প্রয়োজনীয় কর্মসম্পাদনের সময়কাল; প্রজেক্ট ফলাফলের ওপর ভিত্তি করে অর্গানাইজার কর্তৃক বিজয়ীদের পুরস্কৃত করার জন্য প্রয়োজনীয় সময়কাল।

1.1.1. ১.৪.২. প্রকল্পের মূল অংশের জন্য প্রয়োজনীয় সময়কালঃ

১.৪.৩. অর্গানাইজার কুইজ শেষ হওয়ার সাত (৭) ক্যালেন্ডার দিনের মধ্যে অংশগ্রহণকারীদের একটি প্রাথমিক তালিকা তৈরি করবেন, যাদের সর্বাধিক সংখ্যক উত্তর সঠিক রয়েছে।

১.৪.৪. প্রকল্পের বিজয়ীদের নাম ২৬ নভেম্বর, ২০২১ এর পরবর্তী কোন সময় ঘোষণা করা হবে।

১.৪.৫. প্রকল্পের বিজয়ীদের ১ এপ্রিল, ২০২২ থেকে ৩১ ডিসেম্বর, ২০২২ সময়ের মধ্যে, টার্মস এন্ড কন্ডিশন্স অনুযায়ী পুরস্কৃত করা হবে।

১.৪.৬. পুরষ্কার প্রদানের সঠিক তারিখ পরবর্তীতে সংগঠক দ্বারা নির্ধারিত হবে এবং প্রজেক্টের বিজয়ীদের কমপক্ষে ত্রিশ (৩০) দিন আগে অবহিত করা হবে৷

অর্গানাইজার ১.৪.৩.- ১.৪.৫. ধারাসমূহে নির্দেশিত সময়সীমা পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করে। -

১.৪.৮. অর্গানাইজারের নিয়ন্ত্রণের বাইরে কোন কারণে যদি বিজয়ীদের পুরস্কার প্রদান করা সম্ভব না হয় (ফোর্স ম্যাজিওর, প্রাকৃতিক দুর্যোগ, স্থানীয় এবং/অথবা ফেডারেল কর্তৃপক্ষ কর্তৃক কোয়ারেন্টিন ব্যবস্থা আরোপ করার সিদ্ধান্ত, শিক্ষামূলক ইভেন্টে অংশগ্রহণে বিজয়ীর অক্ষমতাসহ কিন্তু শুধুমাত্র এর মধ্যেই সীমাবদ্ধ নয়) তবে পার্টিসিপেন্টসদের অবহিত করা হবে।

১.৪.৯. অর্গানাইজার শিক্ষামূলক অনুষ্ঠান বাতিল বা এর তারিখ পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করে।

১.৫. পার্টিসিপেন্টসদের অবহিত করার উপায়:

টার্মস এন্ড কন্ডিশন্স, প্রজেক্টের সময়সীমা এবং ফলাফল প্রজেক্টের নিজস্ব ওয়েবসাইটে সকল ভাষা সংস্করণসহ প্রকাশিত হবে: quiz.atomforyou.com (পরবর্তীতে "ওয়েবসাইট" হিসাবে উল্লেখ করা হয়েছে)।

১.৬. পার্টিসিপেন্টদের সাথে এবং/অথবা তাদের পিতামাতা/আইনগত অভিভাবকদের সাথে প্রাথমিক যোগাযোগ, যার মধ্যে ডেটা এবং পরিচয়পত্রের যাচাইকরণ অন্তর্ভুক্ত, শুধুমাত্র প্রজেক্টের ইমেইল থেকে করা হবে: info@atomforyou.com

## ২. যোগ্যতা

২.১. প্রজেক্টের প্রতিযোগিতায় অংশগ্রহণকারী তারাই হতে পারবেন যাদের বয়স টার্মস এন্ড কন্ডিশনে উল্লেখিত টার্গেট অডিয়েন্স ক্যাটাগরি অনুযায়ী প্রজেক্ট তারিখে কমপক্ষে ১১। অন্যান্যরাও অংশগ্রহণ করতে পারবেন, তবে তাদের প্রতিযোগিতার জন্য বিবেচনা করা হবে না।

২.২. এই টার্মস এন্ড কন্ডিশন্স অনুযায়ী ১৮ বছরের কম বয়সীরা, যারা বর্তমান আইনের কারণে স্বাধীনভাবে কাজ করতে অক্ষম, তারা তাদের পিতামাতা (বা আইনী অভিভাবকদের) মাধ্যমে এবং/অথবা তাদের সহায়তায় এই কাজটি করতে পারবে।

২.২.১. অপ্রাপ্তবয়স্ক অংশগ্রহণকারীদের দায়িত্ব হলো তাদের পিতামাতাকে (আইনি অভিভাবকদের) এই টার্মস এন্ড কন্ডিশন সম্পর্কে অবহিত করা, তাদের পিতামাতার (আইনি অভিভাবকদের) কাছ থেকে প্রজেক্টে অংশগ্রহণের সম্মতিসহ প্রয়োজনীয় সম্মতি গ্রহণ করা।

২.৩. নিম্নে বর্নিত ব্যক্তিরা প্রকল্পে অন্তর্ভূক্ত প্রতিযোগিতা থেকে বাদ পড়বেন:

- অর্গানাইজার; অর্গানাইজারকে প্রতিনিধিত্বকারী ব্যক্তি; তাদের পরিবারের সদস্যবৃন্দ;
- অর্গানাইজারের সাথে চুক্তিভিত্তিক সম্পর্ক রয়েছে এমন থার্ড পার্টির প্রতিনিধিবৃন্দ এবং এমপ্লয়ী, এবং প্রজেক্টের সঙ্গে যুক্ত ব্যাক্তিবর্গ এবং তাদের পরিবারের সদস্যবৃন্দ।

২.৪. টার্মস এন্ড কন্ডিশন্স অনুযায়ী প্রজেক্টের পার্টিসিপেন্টরা প্রজেক্ট সম্পর্কে তথ্য পাওয়ার অধিকার রাখেন;

২.৫. প্রজেক্টের পার্টিসিপেন্টদের দায়িত্ব নিম্নরূপ:

- প্রজেক্টে অংশগ্রহণকালে টার্মস এন্ড কন্ডিশন্স মেনে চলা;
- টার্মস এন্ড কণ্ডিশন্স অনুযায়ী অর্গানাইজারকে সঠিক এবং সত্য তথ্য প্রদান করা;
- টার্মস এন্ড কন্ডিশন্স দ্বারা নির্ধারিত অন্যান্য দায়িত্ব।

## ৩.সাধারণ বিবরণ এবং প্রজেক্টে অংশগ্রহণের পদ্ধতি। প্রকল্পে বিজয়ীদের নির্বাচন।

৩.১. প্রজেক্টের বিজয়ী হচ্ছেন সেই সকল পার্টিসিপেন্টস, যারা টার্মস এন্ড কন্ডিশন্স অনুযায়ী পুরস্কার পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন।

৩.১.১. টার্মস এন্ড কন্ডিশন্সের ধারা ৪ অনুযায়ী অর্গানাইজার বিজয়ীদের জন্য শিক্ষামূলক সফরে অংশগ্রহণের ব্যবস্থা করবে। শিক্ষামূলক সফরে অংশগ্রহণের উদ্দেশ্য পার্টিসিপেন্টদের জন্য উপার্জন নয়, যেহেতু এটি একটি শিক্ষামূলক উদ্যোগ এর উদ্দেশ্য হলো পার্টিসিপেন্টদের রুশ পারমাণবিক শিল্প এবং প্রযুক্তি সম্পর্কে অবহিত করা।

৩.২. প্রজেক্টে অংশগ্রহণের জন্য, একজন আবেদনকারী, যিনি একটি প্রজেক্টে অংশগ্রহণকারী হতে চান এবং টার্মস এন্ড কন্ডিশন্সের ধারা ২.১ এবং ২.২ এ বর্নিত সকল প্রয়োজনীয়তা পূরণ করেন তিনি ওয়েবসাইটে নিবন্ধন করবেন।

৩.২.১. ওয়েবসাইটে নিবন্ধনের জন্য আবেদনকারীদের নিম্নলিখিত তথ্য প্রদান করতে হবে:

- প্রদত্ত নাম এবং বংশগত নাম;
- জন্ম তারিখ;
- যোগাযোগের জন্য তথ্য (বৈধ মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল);
- ১৮ থেকে ৩৪ বছর বয়সের মধ্যে তরুণ পেশাদার যারা পারমাণবিক শিল্পে কর্মরত তাদেরকে অতিরিক্তভাবে চাকরীর পদবী এবং কর্মস্থল উল্লেখ করতে হবে;
- প্রজেক্টে অংশগ্রহণ এবং ব্যক্তিগত তথ্য প্রক্রিয়াকরণের জন্য সম্মতি;
- প্রজেক্টে অংশগ্রহণের জন্য পিতামাতা/আইনি অভিভাবকের সম্মতি এবং অপ্রাপ্তবয়স্ক পার্টিসিপেন্টদের ব্যক্তিগত ডেটা প্রক্রিয়াকরণে পিতামাতা/আইনী অভিভাবকের সম্মতি।

৩.২.২. আবেদনকারী, যারা নিবন্ধনের সময় ভুল এবং/অথবা অসম্পূর্ণ তথ্য প্রদান করেছেন, তারা প্রজেক্টের পার্টিসিপেন্ট হতে পারবেন না বা পরবর্তীতে প্রকল্পের যেকোনো পর্যায়ে তাদের বাদ দেওয়া হবে, যখনই অর্গানাইজার এ জাতীয় লঙ্ঘন সম্পর্কে জানতে পারবে। নিবন্ধন ফর্মে অংশগ্রহণকারীদের দ্বারা প্রদত্ত তথ্য যাচাই করার জন্য, অর্গানাইজার অংশগ্রহণকারীর পাসপোর্ট বা অন্যান্য পরিচয়পত্রের একটি অনুলিপি (ই-মেইলের মাধ্যমে) পাবার জন্য অনুরোধ করার অধিকার রাখেন। যদি অনুরোধকৃত নথিগুলি অনুরোধের তারিখ থেকে দুই (২) দিনের বেশি সময়ের মধ্যে জমা না দেওয়া হয়, তাহলে অর্গানাইজার পার্টিসিপেন্টসদের তালিকা থেকে এই আবেদনকারীকে বাদ দিতে পারবে।

৩.২.৩. অর্গানাইজার সেই সমস্ত আবেদনকারীদের প্রজেক্টে অংশগ্রহণ থেকে বাদ দেবার অধিকার সংরক্ষণ করে, যাদের রেজিস্ট্রেশন ফর্ম সঠিকভাবে পূরণ করা হয়নি (যদি অসম্পূর্ণ বা ভুল তথ্য প্রদান করা হয়)। নিবন্ধিত হবার পর, পার্টিসিপেন্টস ওয়েবসাইটে নিবন্ধন করার সময় প্রদত্ত মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পরিবর্তন করতে পারবেন না।

৩.২.৪. প্রতিযোগিতায় প্রতি পার্টিসিপেন্টের শুধুমাত্র একটি এন্ট্রি গ্রহণ করা হবে।

৩.৩. পুরস্কারের জন্য যোগ্য (শিক্ষামূলক ভ্রমণে অংশগ্রহণ) পার্টিসিপেন্টসদের নিম্নলিখিত শর্তে নির্ধারণ করা হবে:

৩.৩.১. প্রথম শর্ত: পার্টিসিপেন্টস পারমাণবিক পদার্থবিদ্যা এবং পারমাণবিক শিল্পের সর্বশেষ প্রযুক্তির ওপর দ্যা কুইজ সম্পূর্ণ করতে হবে।

৩.৩.১.১. দ্যা কুইজটি অনলাইনে quiz.atomforyou.com সাইটে অনুষ্ঠেয়।

৩.৩.১.২. দ্যা কুইজে পারমাণবিক প্রযুক্তি সম্পর্কে বিভিন্ন মাত্রার জটিল ১৫টি প্রশ্ন আছে, যার সঠিক উত্তর পার্টিসিপেন্টসদের কম্পিউটার দ্বারা প্রদত্ত উত্তরগুলি থেকে বেছে নিতে হবে।

৩.৩.১.৩. পার্টিসিপেন্টস-এর বয়স অনুসারে প্রশ্নগুলো দু'টি বিভাগে বিভক্ত:

– ইয়োথ ক্যাটাগরী, ১১-১৬ বছর বয়সের পার্টিসিপেন্টসদের জন্য।
– এডাল্টস ক্যাটাগরী, ১৭ বছর এবং তদুর্ধ বয়সের পার্টিসিপেন্টসদের জন্য।

৩.৩.১.৪. একজন পার্টিসিপেন্ট শুধুমাত্র একবার দ্যা কুইজের প্রশ্নের উত্তর দিতে পারবেন।

৩.৩.১.৫. প্রশ্নের উত্তর দেওয়ার জন্য কোনো সময়সীমা নেই।

৩.৩.১.৬. পূর্ববর্তী প্রশ্নের উত্তর দেবার পর পার্টিসিপেন্ট পরবর্তী প্রশ্নে যেতে পারবেন।

৩.৩.১.৭. দ্যা কুইজ শেষ হলে, সঠিক উত্তরের সংখ্যার উপর ভিত্তি করে একটি স্বয়ংক্রিয় পার্টিসিপেন্ট রেংক্বিং তৈরি হবে; একজন পার্টীসিপেন্ট যত বেশি সঠিক উত্তর দেবেন, পার্টিসিপেন্টদের রেংকিং-এ তার অবস্থান তত উপরে হবে।

৩.৩.১.৮. যদি দুই বা ততোধিক পার্টিসিপেন্ট একই সংখ্যক সঠিক উত্তর প্রদান করেন, তাহলে স্বয়ংক্রিয় রেংকিং প্রক্রিয়ায় তারা একই রেংকিং পাবেন।

৩.৩.২.দ্বিতীয় শর্ত: প্রজেক্টের বিজয়ীদের নির্বাচন।

৩.৩.২.১. টার্মস এন্ড কন্ডিশন্সের ১.৪.২ ধারায় উল্লিখিত সময়সীমার অনুর্ধ দুই (২) দিনের মধ্যে অর্গানাইজার সর্বোচ্চ সংখ্যক সঠিক উত্তর প্রদানকারীদের নিয়ে পার্টিসিপেন্টদের একটি প্রাথমিক তালিকা তৈরি করবে।

৩.৩.২.২. পার্টিসিপেন্ট কর্তৃক নিবন্ধন ফর্মে প্রদত্ত নিজস্ব যোগ্যতা এবং ব্যক্তিগত তথ্য যাচাই করার জন্য অর্গানাইজার প্রাথমিক তালিকার পার্টিসিপেন্টদের সঙ্গে ই-মেইলে যোগাযোগ করবে। অর্গানাইজার পার্টিসিপেন্টদের পাসপোর্ট বা অন্যান্য পরিচয়পত্রের স্ক্যান কপি, পার্টিসিপেন্টদের সম্মতি ফর্মের অনুলিপি বা প্রজেক্টে অংশগ্রহণের জন্য, ব্যক্তিগত তথ্য প্রক্রিয়াকরণ এবং শিক্ষামূলক ভ্রমণে অংশগ্রহণের জন্য পার্টিসিপেন্টদের পিতা-মাতা/আইনী অভিভাবকদের সম্মতিপত্রের জন্য অনুরোধ করবে।

৩.৩.২.৩. যদি, অনুরোধের তারিখের দুই (২) ক্যালেন্ডার দিবসের মধ্যে, অর্গানাইজার নথিগুলি না পেয়ে থাকে এবং/অথবা অর্গানাইজারের কাছে বিশ্বাস করার মতো পর্যাপ্ত কারণ থাকে যে পার্টিসিপেন্ট প্রতারণামূলক তথ্য প্রদান করেছে (যদি ফোন নম্বর বা ইমেইল নিবন্ধনের সময় প্রদত্ত নম্বরের সাথে না মেলে; পার্টিসিপেন্ট তার বয়স ভুলভাবে উপস্থাপন করেছেন; মিথ্যা নামে নিবন্ধিত এবং শুধুমাত্র এর মধ্যেই সীমাবদ্ধ নয়)– এই ধরনের আবেদনকারীকে প্রাথমিক তালিকা থেকে বাদ দেওয়া হবে এবং তিনি পুরস্কার লাভের অধিকার হারাবেন।

৩.৩.২.৪. প্রাথমিক তালিকায় অন্তর্ভূক্ত হওয়ার অর্থ এই নয় যে পার্টিসিপেন্ট বিজয়ী হয়েছেন।

৩.৩.২.৫. ২৬ নভেম্বর ২০২১-এর মধ্যে প্রতিটি পুরস্কার বিভাগে প্রাথমিক তালিকা থেকে বিজয়ীদের থার্ড-পার্টি অ্যাপ্লিকেশনের মাধ্যমে রেন্ডম পদ্ধতিতে নির্বাচন করা হবে।

৩.৩.২.৬. বিজয়ীদের নির্বাচন করার পর, অর্গানাইজার সকল বিজয়ীদের নাম নির্দেশ করে ওয়েবসাইটে ফলাফল প্রকাশ করবে। বিজয়ীদের ইমেইলের মাধ্যমেও জানানো হবে। বিজয়ী যদি নোটিফিকেশন ই-মেইলের চৌদ্দ (১৪) দিনের মধ্যে অর্গানাইজারকে উত্তর না পাঠায়, তাহলে বিজয়ীর পুরস্কার বাতিল করা হবে এবং অর্গানাইজার উপরে বর্ণিত পদ্ধতি অবলম্বন করে অন্য কাউকে বিজয়ী হিসেবে নির্বাচন করার অধিকার রাখেবেন।

## ৪. প্রজেক্টের বিজয়ীদের জন্য পুরস্কার

৪.১. সকল নিবন্ধিত পার্টিসিপেন্ট অংশগ্রহণের জন্য ডিজিটাল সার্টিফিকেট পাবেন।

৪.২.প্রজেক্ট বিজয়ীদের জন্য শীর্ষ পুরষ্কার:

ইয়োথ ক্যাটাগরি (১১ থেকে ১৬ বছর বয়সী পার্টীসিপেন্টস): বিজয়ীদের রাশিয়ার আন্তর্জাতিক শিবির "স্মার্ট হলিডেজ উইথ রোসাটম স্কুল" এর একটি শিফটে অংশগ্রহণের সুযোগ।

৪.২.১.১. এই ক্যাটাগরিতে তিন (৩) এর অধিক পার্টিসিপেন্টস পুরস্কার পাবেন না।

৪.২.১.২. বিজয়ী এবং তাদের প্রত্যেকের জন্য একজন সঙ্গীর আবাসন, খাবার, স্বাস্থ্য বীমা, তাদের নিজ দেশ থেকে যে দেশে ক্যাম্প অবস্থিত সেখানে বিমানে ভ্রমণ, একইসঙ্গে ক্যাম্পসাইটে এবং ক্যাম্পসাইট থেকে ট্রান্সফার প্রদেয়।

৪.২.২. প্রাপ্তবয়স্কদের ক্যাটাগরি (১৭ বছর বা তদুর্ধ বয়সী পার্টিসিপেন্টস): বিজয়ীদের রসাটমের এক বা একাধিক পারমাণবিক স্থাপনায় শিক্ষা সফর।

৪.২.২.১. এই ক্যাটাগরিতে সর্বোচ্চ দশজন (১০) পার্টিসিপেন্ট পুরস্কার জিততে পারবেন। শিক্ষা সফরকালে পার্টিসিপেন্টদের বয়স কমপক্ষে ১৮ বছর হতে হবে।

৪.২.২.২. পার্টিসিপেন্টসদের আবাসন, খাবার, স্বাস্থ্য বীমা, তাদের নিজ দেশ থেকে যে দেশে ইভেন্ট হবে সেখানে বিমানে যাওয়া-আসা, শিক্ষা ইভেন্টের স্থানে ট্রান্সফার প্রদেয়।

৪.২.৩. বিশেষ ক্যাটাগরি "ইয়ং প্রফেশনালস ইন নিউক্লিয়ার ইন্ডাস্ট্রি": বিজয়ীরা ২২ থেকে ২৭ মে, ২০২২ পর্যন্ত রাশিয়ার সোচিতে অনুষ্ঠিতব্য ইন্টারন্যাশনাল ইয়োথ নিউক্লিয়ার কংগ্রেসে (আইওয়াইএনসি-২০২২) অংশগ্রহণ করার সুযোগ পাবেন।

৪.২.৩.১. এই বিভাগে সর্বোচ্চ দশজন (১০) পার্টিসিপেন্টস পুরস্কার জিততে পারবেনা। পার্টিসিপেন্টদের বয়স ২০২২ সালের মে মাসে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। শুধুমাত্র পারমাণবিক শিল্পে কর্মরত তরুণ পেশাদাররা অংশ নেয়ার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন।

৪.২.৩.২. অংশগ্রহণকারীদের বাসস্থান, খাবার, স্বাস্থ্য বীমা, তাদের নিজ দেশ থেকে ইভেন্টের দেশে এবং ফিরে বিমান ভ্রমণ, পাশাপাশি কংগ্রেসটি অনুষ্ঠানের স্থানে আসা-যাওয়ার ব্যবস্থা।

৪.৩. অর্গানাইজার ভিসা খরচের কোন দায়িত্ব নেবে না এবং বিজয়ীদের ভিসা প্রদানে রুশ ফেডারেশনের দূতাবাস/কনস্যুলেট কর্তৃক অস্বীকৃতির জন্যও দায়ী নয়। ভিস প্রত্যাখ্যানের ক্ষেত্রে, পার্টিসিপেন্টদের প্রজেক্টে অংশগ্রহণ সম্পর্কিত কোন ক্ষতিপূরণ দাবি করার কোন অধিকার গ্রহণযোগ্য হবে না।

৪.৪. রুশ ফেডারেশনের কোন নাগরিক পুরস্কারের জন্য নির্বাচিত হলে রুশ ফেডারেশনের ট্যাক্স কোডের ২২৬ ধারার ৫নং ক্লজ অনুসারে অর্গানাইজার বিজয়ীকে (বিজয়ী, পুরস্কার গ্রহীতা, করদাতা) এবং নিবন্ধন স্থানের কর কর্তৃপক্ষকে কর মেয়াদ শেষ হওয়ার এক মাসের মধ্যে ব্যক্তিগত আয়কর (পিআইটি) আটকে রাখার অক্ষমতা সম্পর্কে, যেখানে সংশ্লিষ্ট বাধ্যবাধকতা দেখা দেবে, অবহিত করবে। রুশ ফেডারেশনের ট্যাক্স কোডের ২২৮ ধারার ক্লজ ১-এর সাব-ক্লজ ৪-এর পরিপ্রেক্ষিতে, বিজয়ী (বিজয়ী, পুরস্কার প্রাপক, করদাতা) আয়ের উপর ব্যক্তিগত আয়কর (পিআইটি) গণনা করবেন এবং পরিশোধ করবেন। পুরস্কারের পরিমাণ ৪,০০০ রুবেলের বেশি হলে রুশ ফেডারেশনের ট্যাক্স কোডের ২২৮ ধারা দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ট্যাক্স পরিশোধযোগ্য।

৪.৫. পুরস্কার প্রাপ্তির ক্ষেত্রে অন্য দেশের আইন অনুযায়ী প্রযোজ্য সম্ভাব্য কর ও ফি-এর জন্য অর্গানাইজার দায়ী থাকবে না। কর ও ফি প্রদানের সমস্ত দায়িত্ব পুরস্কার প্রাপক বহন করবে।

## ৫. চূড়ান্ত বিধান

৫.১. প্রজেক্ট আয়োজন এবং এর কার্যক্রম সম্পর্কিত কোন বিরোধ এবং মতানৈক্য দেখা দিলে তা আলোচনার মাধ্যমে নিষ্পত্তি করা হবে। আলোচনার মাধ্যমে সমাধান সম্ভব না হলে বিরোধগুলি অর্গানাইজারের দেশে অবস্থিত আদালতে রুশ ফেডারেশনের প্রচলিত এবং পদ্ধতিগত আইন অনুসারে নিষ্পত্তি করা হবে।

৫.২. টার্মস এন্ড কন্ডিশন্সে উল্লেখিত প্রয়োজনীয় সমস্ত নথি সংগ্রহ এবং প্রজেক্টে অংশগ্রহণের জন্য সকল কার্যক্রম সম্পাদনের ব্যয় পার্টিসিপেন্ট নিজে, পিতামাতা এবং/অথবা আইনী অভিভাবকরা বহন করবেন।

৫.৩. সকল নথি পাঠযোগ্য হস্তাক্ষরে অথবা স্পষ্ট স্ক্যান কপি/ফটোকপিতে সরবরাহ করতে হবে; অন্যথায়, অর্গানাইজার সেগুলোকে অনুপযুক্ত বলে মনে করার অধিকার রাখবে।

৫.৪. যদি এমন অবস্থার উদ্ভব ঘটে, যেখানে শিক্ষা সফরের আয়োজন অর্গানাইজারের নিয়ন্ত্রণের বাইরে থাকার কারণে অসম্ভব হয়ে পড়ে (ফোর্স মেজিউর, প্রাকৃতিক দুর্যোগ, স্থানীয় এবং/অথবা ফেডারেল কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত কোয়ারেন্টিন, আঞ্চলিক লকডাউন, কিন্তু শুধুমাত্র এর মধ্যেই সীমাবদ্ধ নয়), তবে, অর্গানাইজার নিজস্ব বিবেচনায় ইভেন্টগুলি বাতিল করার বা তারিখ পরিবর্তন করার অধিকার রাখে। পার্টীসিপেন্ট এর জন্য কোন ক্ষতিপূরণ দাবি করার অধিকার রাখবেন না।

৫.৫. অর্গানাইজার প্রজেক্টের কাঠামোর মধ্যে যে কোনও কার্যক্রম পরিচালনার জন্য তৃতীয় পক্ষকে নিযুক্ত করার অধিকার রাখে।